

মাদারীপুর জেলায় আগস্ট ২০২৬ মাসে অনুষ্ঠিত "জেলা আইন-শৃঙ্খলা কমিটির" সভার কার্যবিবরণী

সভাপতি : মজিনা আক্তার, জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর
সভার তারিখ : ০৯ আগস্ট, ২০২৬
সভার সময় : সকাল ১০:০০ টা
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
সভার উপস্থিতি : (পরিশিষ্ট ক দ্রষ্টব্য)

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	মাদারীপুর জেলার অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী	(১) মাদারীপুর জেলায় জুলাই, ২০২৬ মাসে ডাকাতি, দস্যুতা, সিধেল চুরি, অন্যান্য চুরি, গাড়ি চুরি, গরু চুরি, খুন, অপহরণ, দাঙ্গা, অস্ত্র আইন, মাদকদ্রব্য, নারী ও শিশু নির্যাতন, এসিড, দুত বিচার, চোরচালান এবং অন্যান্য প্রকৃতির মোট ২৩৪ টি মামলা দায়ের করা হয়। মাদারীপুর জেলায় জুন, ২০২৬ মাসে মোট ২৬১ টি মামলা দায়ের করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, জুন ২০২৬ মাসের তুলনায় জুলাই ২০২৬ মাসে ২৭ টি মামলা হ্রাস পেয়েছে। (২) অত্র জেলায় সংঘটিত অপরাধসমূহ হ্রাসকরণসহ মামলার সংখ্যা হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।	অত্র জেলাধীন বিভিন্ন এলাকায় চুরি, দস্যুতা, খুন, নারী ও শিশু নির্যাতন এবং মাদকসহ বিভিন্ন ধরনের অপরাধ প্রবণতা অধিকতর বিশ্লেষণ করতে এবং হ্রাস করতে কঠোর নজরদারী বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর
২.	গ্রাম আদালত সংক্রান্ত তথ্য	(১) সভায় জানানো হয়, মাদারীপুর জেলার ০৫ টি উপজেলায় গ্রাম আদালতে মে ২০২৬ মাসের জের ১৩ টি, জুলাই ২০২৬ মাসে দায়ের ১৬৩ টি, সর্বমোট মামলা সংখ্যা ১৭৪ টি। তন্মধ্যে জুলাই ২০২৬ মাসে ১৫৭ টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে ১৭ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। জুন ২০২৬ ও জুলাই ২০২৬ মাসে অত্র জেলার গ্রাম আদালতে গড়ে ০৩ টি মামলা দায়ের হয়েছে। তবে জুলাই ২০২৬ মাসের মামলা নিষ্পত্তির হার ৯০.২২ শতাংশ এবং জুন ২০২৬ মাসের মামলা নিষ্পত্তির হার ৯৪.২৪ শতাংশ। আগত মাসের তুলনায় বিবেচ্য মাসে নিষ্পত্তির হার হ্রাস পেয়েছে। (২) গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ মামলা গ্রহণ এবং নিষ্পত্তির হার আরো বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ প্রতি মাসে গড়ে ০৫ টি মামলা গ্রহণ এবং নিষ্পত্তির হার আরো বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপপরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারীপুর
৩.	কিশোর গ্যাং ও সন্ত্রাস বিরোধী প্রচার প্রচারণা এবং জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত	কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে নিয়মিত অভিভাবক সমাবেশ এবং উঠান বৈঠকের আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	(১) কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অভিভাবক সমাবেশ আয়োজন অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (২) সকল মসজিদে জুমার খুতবার মাধ্যমে কিশোর গ্যাং ও সন্ত্রাস বিরোধী প্রচারণা বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি) মাদারীপুর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৩। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর ৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর ৫। জেলা তথ্য অফিসার, মাদারীপুর
৪.	সড়কে যানবাহন	(১) সভায় জানানো হয় যে, ড্রাইভিং লাইসেন্স, হেলমেট ও রেজিস্ট্রেশনবিহীন মোটরসাইকেল চলাচল বন্ধে সড়ক পরিবহন আইন ২০১৮ এর অধীনে নিয়মিত মোবাইল কোর্ট	(১) সড়কে নিরাপদ যানবাহন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে অধিক সংখ্যক মোবাইল কোর্ট	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	চলচল নিয়ন্ত্রণ সংক্রান্ত।	পরিচালনা অব্যাহত আছে। জুলাই ২০২৬ মাসে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে ০৯ টি মোবাইল কোর্ট এর মাধ্যমে ৩৬ টি মামলায় =৬৭,০৫০/- (সাতষট্টি হাজার পঞ্চাশ) টাকা জরিমানা আদায় করা হয়েছে। এ ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	পরিচালনা আরও বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। সহকারী পরিচালক, বিআরটিএ, মাদারীপুর ৫। সভাপতি, বাস মালিক সমিতি, মাদারীপুর
৫.	মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত।	(১) সভায় জানানো হয় যে, জুলাই ২০২৬ মাসে মাদারীপুর জেলার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক সর্বমোট ৫৬ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ১৩৪ টি মামলায় ৮,০২,১০০/- (আট লক্ষ দুই হাজার এতশত) টাকা অর্থদণ্ড এবং ৩০ (ত্রিশ) জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়।	(১) সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), মাদারীপুর ৫। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), মাদারীপুর ৬। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর
৬.	বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত আলোচনা।	(১) অত্র জেলাধীন সকল উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির মাধ্যমে ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা যাবে মর্মে সভায় অবহিত করা হয়। এক উপজেলার অপ্রাপ্ত বয়স্ক ছেলে-মেয়ে যাতে অন্য উপজেলার নিকাহ রেজিস্ট্রারের মাধ্যমে বিবাহ কার্যক্রম সম্পন্ন করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়।	(১) সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (২) বাল্যবিবাহ রোধে ইমাম, পুরোহিত ও নিকাহ রেজিস্ট্রারদের মধ্যে জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর ৫। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর
৭.	জেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত।	(১) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর সাইবার স্পেসে সংঘটিত মাদক অপরাধ নিরূপে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার জন্য অনুরোধ করেন। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠনের জন্য জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তিনি বলেন কালকিনি, রাজৈর, শিবচর, ডাসার ও সদর এর বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা চলমান আছে। তিনি আরো বলেন, মাদকের স্পটগুলো চিহ্নিত করে উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে নিয়মিত মোবাইল কোর্ট বা অভিযান পরিচালনা করা হলে মাদকের প্রকোপ হ্রাস পাবে। (২) উপপরিচালক, এনএসআই, মাদারীপুর বলেন, অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে সকল দপ্তরকে একত্রে কাজ করতে হবে। মন্তফাপুর থেকে চৌরাস্তা পর্যন্ত রাস্তায় বড় বড় গর্ত থাকায় প্রতিনিয়ত যাত্রীরা সমস্যার সম্মুখীন হচ্ছে ও দুর্ঘটনার সম্ভবনা রয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসনের মাধ্যমে এলজিইডি, সড়ক ও জনপদ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। (৩) সিভিল সার্জন, মাদারীপুর বলেন, মাদারীপুর সদর ২৫০ শয্যা হাসপাতালে জনবল সংকট থাকায় শতভাগ সেবা নিশ্চিত করা কষ্টসাধ্য হয়ে পড়ছে। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য ও জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও বলেন হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য ৫০ জন	(১) মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত রাখা এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে জনসচেতনতামূলক কার্যক্রম, লিফলেট বিতরণ কার্যক্রম বৃদ্ধির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২৬ সম্পর্কে অবহিতকরণ সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) মন্তফাপুর থেকে চৌরাস্তা পর্যন্ত ভাঙ্গা রাস্তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৩) মাদারীপুর সদর ২৫০ শয্যা হাসপাতালে জনবল সংকট নিরসনে ও শতভাগ সেবা নিশ্চিত করণের বিষয়ে এবং ডেজু প্রকোপ বৃদ্ধি না পেতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। সিভিল সার্জন, মাদারীপুর ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৫। প্রশাসক, পৌরসভা (সকল) মাদারীপুর ৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, মাদারীপুর ৭। উপপরিচালক, এনএসআই, মাদারীপুর ৮। অধিনায়ক, র্যাব-৮, মাদারীপুর ক্যাম্প, মাদারীপুর ৯। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর ১০। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর ১১। বিজ্ঞ পিপি, মাদারীপুর ১২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর ১৩। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর

আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	আউটসোর্সিং এর জনবল দিয়ে হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম চলমান আছে। এছাড়াও জেলা সদর হাসপাতালের লোড মিডিং দুরীকরণের জন্য বিদ্যুৎ এর ডাবল ফেজ চালু রাখার ব্যবস্থাসহ বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার বিষয়ে মতামত প্রদান করেন। বর্তমানে ডেঞ্জু প্রকোপ বৃদ্ধি বিষয়ে সভায় অবহিত করেন এবং সকলকে এ বিষয়ে সচেতন থাকার আহবান জানান। (৪) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর, মাদারীপুর জানান, অত্র জেলার কিশোর ও যুব সমাজকে মাদক ও মানব পচার এর হাত থেকে রক্ষায় সচেতনতা সৃষ্টি খুবই জরুরী। এ বিষয়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদে সচেতনতামূলক প্রচার প্রচারণার আয়োজন করার আহবান করেন। (৫) উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর জানান, অবৈধভাবে বালু উত্তোলনে এ পর্যন্ত ০৫ টি ডেজার জব্দ করা হয়েছে। এ বিষয়ে নিয়মিত মামলা ও ডেজার জব্দকরণ অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে অভিযান চলমান রয়েছে। এছাড়াও তিনি বলেন, ফ্যামেলি কার্ড যাচাই বাছাই নিয়োগ পরীক্ষায় কিছু অসাধু লোক ব্যক্তি স্বার্থ হাসিলের উদ্দেশ্যে গুজব ছড়াচ্ছে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। (৬) উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর জানান, অবৈধ ভাবে বালু উত্তোলনে বন্ধে নৌ পুলিশকে নিয়মিত টহল কার্যক্রম পরিচালনা করতে হবে যাতে তাৎক্ষণিক তথ্য প্রেরণ করা সম্ভব হয়। নৌ পুলিশকে নিয়মিত উক্ত সভায় অংশগ্রহণের মতামত ব্যক্ত করেন। (৭) মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২ বলেন, ১৫ আগস্ট উপলক্ষ্যে কোন সংগঠন যেন কোন ধরনের বিশৃঙ্খলা, বেআইনি কার্যক্রম বা মব সৃষ্টি করতে না পারে সেজন্য গোয়েন্দা সংস্থা, পুলিশ বিভাগ ও জেলা প্রশাসনকে সজাগ দৃষ্টি রাখার আহবান করেন। এছাড়াও মাদক, কিশোর গ্যাং, মানবপাচার, চাঁদাবাজি, অবৈধ ভাবে উত্তোলন ও ভূমি দস্যুতা নির্মূলে সচেতন সমাজসহ সকলকে একত্রে কাজ করার আহবান জানান। (৮) এডভোকেট জনাব মোঃ জামিনুর হোসেন মিঠু, সদস্য, জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর, জানান বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সদস্যগণ একটি নির্দিষ্ট দলীয় মতাদর্শীরা ১৫ আগস্ট উপলক্ষ্যে গুজব ছড়াচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। (৯) এডভোকেট জনাব হিরণ নাহার, সদস্য, জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধের বিষয়ে সবাইকে সোচ্চার হওয়ার আহবান করেন। এছাড়াও এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় অবহিত করেন। (১০) পুলিশ সুপার, মাদারীপুর জানান, ১৫ আগস্টকে কেন্দ্র করে যেন কোন ধরনের বিশৃঙ্খলা ও মব তৈরি হতে না পারে সে বিষয়ে তাদের পক্ষ থেকে বিশেষ অভিযান ও কঠোর	হয়। এছাড়াও নির্বাহী প্রকৌশলী ও জোপাড়িকো মাদারীপুর ও জেনারেল ম্যানেজার মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। (৪) কিশোর ও যুব সমাজকে মাদক ও মানব পচার এর হাত থেকে রক্ষায় সচেতনতা সৃষ্টি ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৫) অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে অভিযান পরিচালনাসহ বালু কাটা ডেজার জব্দ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এছাড়াও ফ্যামেলি কার্ড যাচাই বাছাই নিয়োগ পরীক্ষায় গুজব সৃষ্টিকারীকে বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৬) অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে নৌ পুলিশকে নিয়মিত টহল কার্যক্রম পরিচালনা, তাৎক্ষণিক তথ্য প্রেরণসহ নিয়মিত সভায় অংশগ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৭) ১৫ আগস্ট উপলক্ষ্যে জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন বিঘ্ন না ঘটে সেজন্য কঠোর নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (৮) কেউ যেন ১৫ আগস্ট উপলক্ষ্যে গুজব ছড়াতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (৯) নারী নির্যাতন ও শিশু নির্যাতন প্রতিরোধের বিষয়ে সবাইকে সোচ্চার হওয়ার আহবান করেন। এছাড়াও এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (১০) ১৫ আগস্টকে কেন্দ্র করে কোন ধরনের বিশৃঙ্খলা ও মব তৈরি হতে না পারে সে বিষয়ে তাদের পক্ষ থেকে বিশেষ অভিযান ও	১৪। নির্বাহী প্রকৌশলী, ও জোপাড়িকো, মাদারীপুর ১৫। জেনারেল ম্যানেজার পল্লীবিদ্যুৎ সমিতি, মাদারীপুর ১৬। পুলিশ সুপার, নৌ পুলিশ, ফরিদপুর অঞ্চল

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		নজরদারী অব্যাহত আছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে তাদের পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এছাড়াও মানব পাচার রোধে একটি পৃথক সেল রয়েছে মর্মে সভায় অবহিত করেন। কিশোর গ্যাং, চুরি, ছিনতাই, মানবপাচার এবং মাদকের বিরুদ্ধে বিশেষ অভিযান অব্যাহত আছে। (১১) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর, সরকারের উন্নয়নমূলক কাজে অপপ্রচারকারীদের বিরুদ্ধে সচেতন সমাজকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান। অবৈধভাবে বালু উত্তোলনে বন্ধে উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (ভূমি) সকলকে নিয়মিত অভিযানসহ কঠোর নজরদারী রাখার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও মাননীয় সংসদ সদস্যসহ সচেতন সমাজকে এ বিষয়ে ঐক্যবদ্ধ হওয়ার জন্য অনুরোধ জানান। ডেজাল খাদ্যের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা এবং তাৎক্ষণিক আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। শকুনী লেকের পাড়ে বিকাল হতে রাত্রিকালীন কাঁচাবাজার বসায় লেকের পরিবেশ নষ্ট হচ্ছে এবং লেকের পানি দূষিত হচ্ছে। জেলা সদর হাসপাতাল সংলগ্ন রাস্তায় পাশে ড্রামামান দোকান বসার কারণে যানজট সৃষ্টি হওয়ায় জনসাধারণের ভোগান্তির স্বীকার হচ্ছে। এ বিষয়ে নিয়মিত অভিযান ও মনিটরিং করার নির্দেশনা প্রদান করেন। প্রাথমিক বিদ্যালয়ের বাচ্চাদের খাবার বিতরণে কোন ধরনের অনিয়ম যাতে না হয় সেজন্য উপজেলা নির্বাহী অফিসারদের নজরদারী রাখার পরামর্শ প্রদান করেন। জেলা সদর হাসপাতালে রোগীদের শতভাগ সেবা নিশ্চিতের লক্ষ্যে ডাবল ফেজ বৈদ্যুতিক লাইন চালু রাখার জন্য ওপোজাডিকো কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। মা, শিশু ও মেয়েদের নিরাপত্তার জন্য স্কুল ভিত্তিক সচেতনতামূলক সেমিনার করার জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে পরামর্শ প্রদান করেন। মাদকের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রচার প্রচারণাসহ লিফলেট বিতরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। অবৈধ অস্ত্র যাতে কোন ভাবে এ জেলায় প্রবেশ করতে না পারে সে বিষয়ে বিভিন্ন গোয়েন্দা সংস্থা, পুলিশ বিভাগসহ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাদের কঠোর নজরদারী রাখার বিষয়ে আহবান জানান।	কঠোর নজরদারী অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (১১) সরকারের উন্নয়নমূলক কাজে অপপ্রচারকারীদের বিরুদ্ধে সচেতন সমাজকে ঐক্যবদ্ধ হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। অবৈধভাবে বালু উত্তোলনে বন্ধে উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (ভূমি) সকলকে নিয়মিত অভিযানসহ কঠোর নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও শকুনী লেকের পাড়ে বিকাল হতে রাত্রিকালীন কাঁচাবাজার যেমনো না বসতে পারে সেজন্য উচ্ছেদ অভিযান ও নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। মাদকের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ মাদকের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রচার প্রচারণা জন্য লিফলেট বিতরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও অবৈধ অস্ত্র যাতে কোন ভাবে এ জেলায় প্রবেশ করতে না পারে সে বিষয়ে কঠোর নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	
৮.	বিবিধ আলোচনা	(১) উপজেলা পর্যায়ে প্রতি মাসে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক চোরাচালান প্রতিরোধে টাস্কফোর্স অভিযান পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। (২) আগামীতে সকলের সার্বিক সহযোগিতায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে শান্তিপূর্ণ অবস্থায় রাখা যায় সে বিষয়ে বিশদ আলোচনা করা হয়।	(১) উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং জেলা পর্যায়ে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক প্রতি মাসে চোরাচালান প্রতিরোধে টাস্কফোর্স অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) পুলিশ সুপার, মাদারীপুর (২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর

সভায় অন্য কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানানো হয় এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রাথমিক রাখার প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮.০৮.২৬

মর্জিনা আক্তার
জেলা ম্যাজিস্ট্রেট
ও

সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর
dcmadaripur@mopa.gov.bd

তারিখ : ২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১২৩.০৪.০০৩.২৫-৫৮৮ (৫০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. পুলিশ সুপার, মাদারীপুর।
৬. সিভিল সার্জন, মাদারীপুর।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক, (সকল) মাদারীপুর।
৮. প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর, মাদারীপুর।
৯. উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর/ভাসার, মাদারীপুর ও সভাপতি, সংশ্লিষ্ট উপজেলা আইন শৃঙ্খলা কমিটি।
১০. প্রশাসক, মাদারীপুর পৌরসভা/শিবচর পৌরসভা/কালকিনি পৌরসভা/রাজৈর পৌরসভা, মাদারীপুর।
১১. কোম্পানী কমান্ডার, র‍্যাব-৮, মাদারীপুর।
১২. উপপরিচালক, এনএসআই, মাদারীপুর।
১৩. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মাদারীপুর।
১৪. অধ্যক্ষ, মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর।
১৫. অধ্যক্ষ, সরকারি সুফিয়া মহিলা কলেজ, মাদারীপুর।
১৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর।
১৭. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর।
১৮. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর (পিপি), মাদারীপুর।
১৯. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর।
২০. জেল সুপার, জেলা কারাগার, মাদারীপুর।
২১. সহকারী পরিচালক, বিআরটিএ, মাদারীপুর।
২২. সভাপতি, জেলা বার এসোসিয়েশন, মাদারীপুর।
২৩. সভাপতি, চেম্বার অব কমার্স, মাদারীপুর।
২৪. সভাপতি, বণিক সমিতি, মাদারীপুর।
২৫. সভাপতি, প্রেস ক্লাব, মাদারীপুর।
২৬. জনাব -----মাদারীপুর।
২৭. অফিস কপি।

০৯/৮/২৬

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও

সদস্য সচিব
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর